

# ইউজিসির গবেষণা কার্যক্রমে ইবির ১৪১ শিক্ষক-শিক্ষার্থী নির্বাচিত

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



সংগৃহীত ছবি

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) অর্থায়নে পরিচালিত গবেষণা কার্যক্রমে ২০২৫-২৬ আর্থিক বছরে ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) বিভিন্ন বিভাগের ১৪১ জন শিক্ষক-শিক্ষার্থী ও পিএইচডি গবেষক চূড়ান্তভাবে নির্বাচিত হয়েছেন। এর মধ্যে রয়েছেন ৬৫ জন শিক্ষক, ৬৯ জন শিক্ষার্থী ও ৭ জন পিএইচডি গবেষক।

বুধবার (২৪ সেপ্টেম্বর) বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত তালিকা থেকে এই তথ্য জানা যায়। এই গবেষণা কার্যক্রমের মেয়াদ এক বছর।

জানা যায়, বিশ্ববিদ্যালয়ের মোট ৭টি অনুষদের বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী ও পিএইচডি গবেষক এই গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য নির্বাচিত হয়েছেন। এর মধ্যে রয়েছে— ধর্মতত্ত্ব

ও ইসলাম শিক্ষা অনুষদের ৭ জন শিক্ষক, ৩ জন শিক্ষার্থী ও ৩ জন পিএইচডি গবেষক। কলা অনুষদের ১০ জন শিক্ষক, ১ জন শিক্ষার্থী ও ৩ জন পিএইচডি গবেষক। সামাজিক বিজ্ঞান অনুষদের ১১ জন শিক্ষক ও ১৪ জন শিক্ষার্থী।

ব্যবসায় প্রশাসন অনুষদের ৯ জন শিক্ষক ও ৩ জন শিক্ষার্থী। প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের ১০ জন শিক্ষক ও ১৬ জন শিক্ষার্থী। জীববিজ্ঞান অনুষদের ১৩ জন শিক্ষক ও ২৩ জন শিক্ষার্থী এবং বিজ্ঞান অনুষদের ৫ জন শিক্ষক, ৯ জন শিক্ষার্থী ও ১ জন পিএইচডি গবেষক।

এই গবেষণা কার্যক্রমে নির্বাচিত শিক্ষকেরা তিন লাখ থেকে তিন লাখ পঁচিশ হাজার টাকা, পিএইচডি গবেষক শিক্ষক দুই লাখ ও শিক্ষার্থী পঞ্চাশ হাজার টাকা এবং শিক্ষার্থীরা পঞ্চাশ থেকে ষাট হাজার টাকা পাবেন।

এ বিষয়ে উপাচার্য অধ্যাপক ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ বলেন, আমরা গবেষণা খাতকে অগ্রাধিকার দিচ্ছি। যারা নির্বাচিত হয়েছে সবার জন্য শুভকামনা। আমাদের শিক্ষক-শিক্ষার্থীদের এসব রিসার্চ পেপার আমরা লাইব্রেরিতে সংরক্ষণ করব। যাতে সবাই রেফারেন্স হিসেবে কাজে লাগাতে পারে এবং পরবর্তী সময়ে সবার উপকারে আসে।